



# মজিদ জরিলা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ, শরীয়তপুর



শিক্ষাবর্ষ-২০২০

EIN: 136825

কলেজ কোড : ৬০২৮

বিদ্যালয় কোড : ৬০৬১

ওয়েবসাইট : <https://www.mjfsc.edu.bd>

ফেসবুক পেইজ : Mazid Jarina Foundation School and College

স্মারক নংঃ ম.জ.ফা.স্ক.ক.অ.নো.-২০২০/২৩

তারিখ : ৩০/০৭/২০২০ খ্রি.

## নোটিশ

অত্র প্রতিষ্ঠানের দ্বাদশ শ্রেণিতে প্রমোশনপ্রাপ্ত সকল শিক্ষার্থী ও তাদের অভিভাবকের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১ জুলাই প্রকাশিত ফলাফলে দ্বাদশ শ্রেণিতে প্রমোশনপ্রাপ্ত শিক্ষার্থীদের ১ জুলাই থেকে ৩০ জুলাই (১মাস) পর্যন্ত ভর্তির সময়সীমা নির্ধারণ করা হয়েছিল। অধিকাংশ শিক্ষার্থী ইতোমধ্যে তাদের ভর্তির কার্যাদি সম্পন্ন করেছে। কিছু সংখ্যক শিক্ষার্থী তাদের ভর্তির কার্যাদি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদন করতে পারেনি। কারণ হিসেবে ঈদুল আজহায় ব্যাংক বন্ধের বিষয়টি উল্লেখ করেছে। এছাড়া কয়েকজন শিক্ষার্থীর সম্মানিত অভিভাবকগণ ভর্তির সময়সীমা বৃদ্ধির জন্য আবেদন করেছেন। এমতাবস্থায় অভিভাবকদের আবেদন, ঈদুল আজহায় ব্যাংক বন্ধ থাকা সহ সার্বিক দিক বিবেচনায় কলেজ প্রশাসন আগামী ১০ আগষ্ট ২০২০ খ্রি. পর্যন্ত ভর্তির সময়সীমা বৃদ্ধি করেছে। সকল শিক্ষার্থীকে বর্ধিত সময়সীমার মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে বলা হলো। উল্লেখ, নির্দিষ্ট সময়সীমার পরে ভর্তি হলে ভর্তি ফি এর সাথে লেট ফি যুক্ত করা হবে।

৩০/০৭/২০২০

(এম. ফরিদ আল হোসাইন)

অধ্যক্ষ

### বিতরণ :

সংশ্লিষ্ট শ্রেণির সি.আই ও জে.সি.আই, ফাইন্যান্স ইনচার্জ, নোটিশ বোর্ড, নোটিশ ফাইল।